১৮.০৩.২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

## রাজবাড়ী জেলার রাজবাড়ী গোয়ালন্দ উপজেলার উজানচর ইউনিয়ন পরিষদ পরিদর্শন

পরিদর্শনকারী কর্মকর্তা ঃ আসাদুজ্জামান রিপন
উপপরিচালক, স্থানীয় সরকার
রাজবাড়ী

পরিদর্শনের তারিখঃ ১৪/০২/২০২৪ খ্রি.

১৪/০২/২০২৪ তারিখে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার উজানচর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে এ ইউনিয়ন পরিষদ প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ এবং ইউনিয়ন পরিষদ সচিব জনাব মুহাম্মদ ইব্রাহিম সরদার উপস্থিত ছিলেন।

২। পরিদর্শনের সময় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ এবং ইউনিয়ন পরিষদ সচিবের সাথে এলাকার আইন-শৃংখলা পরিস্থিতি ও উন্নয়ন কার্যক্রম ও জন্ম-নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং জনসেবা নিশ্চিত করেত সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে নির্দেশনা প্রদান করা হয়। জনসাধারণের ভোগান্তি রোধকল্পে সঠিক ও নির্ভুল জন্ম-মৃত্যু নিবন্ধন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা একইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে সে বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়রম্যান, ইউনিয়ন পরিষদ সদস্যসহ সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। অবস্থান: গোয়ালন্দ উপজেলা হতে পূর্ব ও দক্ষিণ দিকে ০৬ কি.মি. নিজস্ব ৪৯.০০ শতাংশ জমিতেএ ইউনিয়ন পরিষদ অবস্থিত

৪। মৌলিক তথ্যাবলীঃ

| | | |
|---|---|---|
| ০১ | পরিষদ গঠন | ২২-১২-২০২১ |
| ০২ | পরিষদের মেয়াদ | ২১-১২-২০২৬ |
| ০৩ | আয়োতন | ৪০.২৪ ব:মি. |
| ০৪ | জন সংখ্যা | ২৭৭১৬জন |
| ০৫ | ভোটার সংখ্যা | ২০৮৩৬ জন |
| ০৬ | খানার সংখ্যা | ৭৪৯৫টি |
| ০৭ | শিক্ষার হার | ৯১% |
| ০৮ | প্রাথমিক বিদ্যালয় | ১৬টি |
| ০৯ | মাধ্যমিক বিদ্যালয় | ০২টি |
| ১০ | মৌজার সংখ্যা | ০৯টি |
| ১১ | গ্রামের সংখা | ৪৬টি |
| ১২ | হাট-বাজার | ১টি |
| ১৩ | ভাতাভোগীর সংখ্যা | বয়স্কভাতা-১৫৫২,বিধবা ভাতা-৫৪৮, প্রতিবন্ধি ভাতা-৩৬৪,ভিজিডি-৫৮৪ |

০৫। অফিসের জনবল পরিস্থিতি:

| ক্রমিক নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইউপি সচিব | ১ | ১ | - | - |
| ০২ | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১ | - | - | - |
| ০৩ | দফাদার | ১ | ১ | - | - |
| ০৪ | মহল্লাদার | ৯ | ৯ | - | - |

E:\DELL 04-02-2024\Desktop\All files\Drive D File\Afroza\রাজবাড়ী সদর উপজেলা পরিদর্শন প্রতিবেদন-৩.docx-268

CamScanner

০৬। **পরিদর্শন রেজিস্টারঃ** রেজিস্টারটি বাধানো অবস্থায় সংরক্ষণ করা হচ্ছে এবং এতে পৃষ্ঠা সংখ্যা সম্বলিত প্রত্যয়ন রয়েছে। সর্ব শেষ গত ১৮-১২-২০২৩ তারিখে জনাব জ্যোতি বিকাশ চন্দ্র উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী কর্তৃক এ ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয় এবং পরিদর্শন প্রতিবেদন রেজিস্টারের সাথে সন্নিবেশিত করে পরিদর্শন মন্তব্যের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে লিপিবদ্ধকরার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৭। **ট্যাক্স ধার্য্য ও আদায় :** চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে মোট ট্যাক্স ধার্য্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা টাকার মধ্যে ২,০৬,৩৫০/- (দুই লক্ষ ছয় হাজার তিনশত পঞ্চাশ) টাকা আদায় করা হয়েছে মর্মে দেখা যায়। কর আদায় রেকর্ডপত্র পরীক্ষাকালে দেখা যায়, গত ২০২২-২০২৩ অর্থবছরে ধার্যকৃত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা টাকার মধ্যে ৪,৭৩,৯৬৫/- ( চার লক্ষ তেহাত্তর হাজার নয়শত পঁয়ষট্টি টাকা) টাকা আদায় করা হয়েছিল।গত ২০২২-২৩ অর্থবছরের চেয়ে বর্তমান ২০২২-২৩ অর্থ বছরে ট্যাক্স আদায়ের হার কম হয়েছে মর্মে দেখা যায়। ট্যাক্স আদায় কার্যক্রম আরো জোরদার করার জন্য চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সচিবকে নির্দেশনা প্রদান করা হলো।

০৮। **ইউনিয়ন পরিষদের সভা:** ২০২৩-২০২৪ অর্থ বছরে এ পর্যন্ত ৬(ছয়) টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে দেখা যায়। সরকারি নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে গঠিত সকল কমিটির নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো। সভার কার্যাবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার জন্যও নিদের্শনা প্রদান করা হলো।

০৯। **ক্যাশ বহি:** ক্যাশ বইটি পরীক্ষা করা হলো। নির্ধারিত ফরমে ব্যবহৃত হচ্ছে এবং পৃষ্ঠা সংখ্যার প্রত্যয়ন আছে লিখিত হিসাব অনুযায়ী সাধারণ ক্যাশ বহিতে ৯৯,৬৭৬/- (নিরানব্বই হাজার ছয়শত ছিয়াত্তর টাকা) ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল ক্যাশ বহিতে ৭,৪২,৯০০/- (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত টাকা), ১% ক্যাশ বহিতে ১,৯৫/- (একশত পঁচানব্বই টাকা) স্থিতি আছে দেখা যায় যা, ব্যাংক একাউন্টে জমা আছে। জন্ম নিবন্ধনের ক্যাশ বহিতে যে টাকা রয়েছে তা নির্দ্দিষ্ট কোর্ডে জমা করার জন্য ইউপি সচিবকে নির্দেশনা প্রদান করা হলো।

১০। **জন্ম নিবন্ধন রেজিস্টার:** উজানচর ইউনিয়ন পরিষদের জন্ম-নিবন্ধন রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতার ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। মাসিক জন্ম নিবন্ধন লক্ষ্য মাত্রা ৪২টি, নিবন্ধন হয়েছে ২৬ টি এবং মাসিক মৃত্যু নিবন্ধনের লক্ষ্য মাত্রা ১২ টি, মৃত্যু নিবন্ধন হয়েছে ০৬টি। সুতরাং লক্ষ্যমাত্রা অনুযায়ী নিবন্ধন করার জন্য ইউনিয়ন পরিষদ সচিবকে নির্দেশনা প্রদান করা হলো।

১১। **গ্রাম আদালত ব্যবস্থাপনা** : উজানচর ইউনিয়ন পরিষদের আদালত রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। বর্তমানে রেজিস্টারটিতে নিম্নবর্ণিত তথ্য দেখা যায়-

| ক্রমিকনং | ২০২৩-২০২৪ অর্থবছরের দায়েরকৃত মামলার সংখ্যা | ১৪-২-২০২৪ তারিখ পর্যন্ত নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | ২০২৩-২০২৪ অর্থবছরের অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ৭টি | ৫টি | ০২টি | |

অনিস্পত্তিকৃত মামলাসমূহ দ্রুত নিস্পত্তি করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলো।

১২। **উন্নয়ন তহবিল এর কার্যক্রম:** উন্নয়ন তহবিল সংক্রান্ত রেজিস্টার ও নথিপত্র পরীক্ষাকালে দেখা যায়, ২০২৩-২০২৪ অর্থবছরে উন্নয়ন তহবিল ক্যাশ বহিতে ৭,৪২,৯০০/- (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার নয়শত টাকা), টাকা স্থিতি রয়েছে, যা ব্যাংক হিসাবে জমা রয়েছে মর্মে দেখা যায়। নিম্নবর্ণিত ০২(দুই) টি উন্নয়ন তহবিলের প্রকল্প সরেজমিন পরিদর্শন করা হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকা | ব্যয়িত টাকা | প্রকল্পের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মইজদ্দিন মোল্লার পাড়া কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র সরবরাহ প্রকল্প। | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | স্বাস্থ্য সেবা | কাজের মান ভালো। |
| ০২ | গনি শেখের পাড়া নবুর বাড়ির পাশের রাস্তায় কালভার্ট স্থাপন প্রকল্প। | ১,২০,০০/- | ১,২০,০০০/- | যোড়াযোড় | কাজের মান |



CamScanner

১৩। **ইউনিয়ন ডিজিটাল সেন্টার:** পরিদর্শনের সময় ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং কীকী সেবা প্রদান করা হয়, সেবার পরিমাণ ও মান ইত্যাদি পর্যালোচনা করা হয়। দৈনিক রেজিস্টার পরীক্ষাকরে দেখা যায় ২০২৩-২০২৪ এ পর্যন্ত মোট ৪,১০,১২৫/- (চার লক্ষ দশ হাজার একশত পঁচিশ) টাকা আয় হয়েছে। গত জানুয়ারি ২০২৪ মাসে আয় হয়েছে ছিল ৫৬,০০০/- (ছাপ্পান্ন হাজার) টাকা চলতি ফেব্রুয়ারি ২০২৪ মাসে এ পযন্ত মোট ৩০,৪০০/- (ত্রিশ হাজার চারশত) টাকা আয় হয়েছে। ইউডিসির রেকর্ডপত্র যাচাই করে প্রতিয়মান হয়, এ সেন্টারের কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। এধারা অব্যাহত রাখার জন্য উদ্যোক্তাকে পরামর্শ দেয়া হলো।

১৪। **গার্ড ফাইল:** উজানচর ইউনিয়ন পরিষদে সাধারণ গার্ড ফাইল দেখা যায় অনেক পুরাতন, উক্ত গার্ড ফাইল পরিবর্তন করে রিং গার্ড ফাইল ব্যবহার করার জন্য ইউনিয়ন পরিষদ সচিব ও চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলো।

১৫। **পত্র প্রাপ্তি রেজিস্টার:** উজানচর ইউনিয়ন পরিষদের পত্র প্রাপ্তি রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতার ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। উক্ত রেজিস্টারটিতে ১৩৫ টি পত্র লিপিবদ্ধ করা হয়েছে মর্মে দেখা যায়।

১৬। **পত্র জারি রেজিস্টার:** উজানচর ইউনিয়ন পরিষদের পত্র জারি রেজিস্টারটি সংরক্ষণ করা হয়েছে। রেজিস্টারটির পাতার ক্রমিক নম্বর লিপি বদ্ধ করা আছে। উক্ত রেজিস্টারটিতে ১৩৬ টি পত্র জারি করা হয়েছে মর্মে দেখা যায়।

১৭। **উন্নয়ন প্রকল্প:** উজানচর ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থবছরে টিআর প্রকল্পের আওতায় ৮,০৬,০০০/- (আট লক্ষ সত্তর হাজার) টাকার ৭টি প্রকল্প, কাবিখা প্রকল্পের ২১.৫৯ মেট্রিক টন গম বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত গম দ্বারা ২টি এবং কাবিটা প্রকল্প খাতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকায় ২(দুই)টি, প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে দেখা যায়।

১৮। **সার্বিক মন্তব্য:** অফিস ব্যবস্থাপনার মান উন্নয়নে তৎপরতা বৃদ্ধি, সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান, গ্রাম-আদালত ও অনলাইন জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম, ট্যাক্স-আদায় কার্যক্রম জোরদারকরণ এবং এলাকার সার্বিক উন্নয়ন কার্যক্রম আরও তৎপরতা বৃদ্ধি করার জন্য চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ করা হলো।

২০/০৩/২৪

আসাদুজ্জামান রিপন
উপপরিচালক,স্থানীয় সরকার
রাজবাড়ী
ফোন নং-০২৭৮৮০৭৬৩৫

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
উজানচর ইউনিয়ন পরিষদ
গোয়ালন্দ উপজেলা, রাজবাড়ী

স্মারক নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০১১.২৪.২৪- ৭২০(৫)

তারিখ: ০১ চৈত্র ১৪৩০ / ১৫মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো -

০১। সচিব. স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী
০৫। অফিস কপি।



CamScanner